ফকিরহাটে বাল্য বিয়ের অভিযোগে জরিমানা

বাগেরহাটের ফকিরহাটে বাল্য বিয়ের অভিযোগে ছেলের মা সাবিনা বেগমকে ৫হাজার জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ৩০ আগষ্ট মৌভোগ গ্রামের আস্বাব আলীর পুত্র আখের আলীর সাথে কামটা গ্রামের রফিকুল শেখের কিশোরী কন্যা রাজিয়া খাতুনের বাল্য বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। খবর পেয়ে ১লা সেপ্টেম্বর সন্ধ্যায় ভ্রাম্যমান আদালতের পরিচালক এসিল্যান্ড ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট রহিমা সুলতানা বুশরা সহ সংগীয় পুলিশ ফোর্স ছেলের বাড়ী উপস্থিত হলে সকলে পালিয়ে যায়। এসময় বাড়ীতে থাকা ছেলের মা-কে বাল্য বিবাহ নিরোধ আইন ১৭ এর ৮ধারায় ৫হাজার টাকা জরিমানা করেন।